## ♣ উত্তরপত্র

১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা- স্কুল পর্যায়

**Total questions : 100 Total marks : 100**

---

1) How Karim has solved the problems---?

1) are really difficult
✔ 2) astounds us all
3) actually wonderful
4) really nice

**ব্যাখ্যা :** How karim has solved the problems ( astounds us all - ই সঠিক উত্তর। করিম যেভাবে সমস্যাগুলোর সমাধান করেছে তা আমাদের সবাইকে স্তম্ভীত করে।

2) বাড়ি বা রাস্তার নম্বরের পর নিচের কোন চিহ্নটি বসে?

1) সেমিকোলন
2) কোলন
✔ 3) কমা
4) দাড়ি

**ব্যাখ্যা :** বাড়ি বা রাস্তার নম্বরের পর কমা বসে। যেমন : ৬৮, নবাবপুর রোড, ঢাকা-১০০০।

3) ঘন্টায় x মাইল বেগে y মাইল দূরত্ব অতিক্রম করতে কত ঘন্টা লাগবে?

✔ 1) y/x ঘন্টা
2) x/y ঘন্টা
3) xy ঘন্টা
4) x+y ঘন্টা

**ব্যাখ্যা :** x মাইল যেতে সময় লাগবে 1 ঘণ্টা ∴ y " " " " y/ x ঘণ্টা

4) মংডু কোন দুটি দেশের সীমান্ত এলাকা ?

✔ 1) বাংলাদেশ - মায়ানমার
2) মায়ানমার - চীন
3) বাংলাদেশ - ভারত
4) ভারত - মায়ানমার

**ব্যাখ্যা :** মংডু হচ্ছে বাংলাদেশ - মায়ানমার দুটি দেশের আরো সীমান্তবর্তী স্থানগুলো হচ্ছে- জু তাং,মংডুক মুয়াল, সাফা হাফং, নাফ নদী।

Hello BCS

5) মৌলিক সংখ্যার সেট কিরূপ হবে?

✔ 1) অসীম
2) ছেদ
3) সসীম
4) সংযোগ

**ব্যাখ্যা :** যে সংখ্যার শুধুমাত্র দুটি উৎপাদক বিদ্যমান তাকে মৌলিক সংখ্যা বলে। ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩..... ইত্যাদি। মৌলিক সংখ্যা অসীম।

6) Jerry was only four years old. (Negative)

✔ 1) Jerry was not more than four years old
2) None but Jerry was four years old
3) Jerry was not four years old
4) No one but Jerry was four years old

**ব্যাখ্যা :** only থাকলে negative করতে, not more than or not less than হবে।

7) নিচের কোনটি অমুলদ সংখ্যা :

1) √2
2) π
3) √11
✔ 4) সবগুলো

**ব্যাখ্যা :** অমূলদ সংখ্যা হল সেসব বাস্তব সংখ্যা যেগুলোকে দুটি পূর্ণসংখ্যার অনুপাতে প্রকাশ করা যায় না। অমূলদ সংখ্যাকে দশমিক-এ প্রকাশ করার চেষ্টা করলে দশমিকের পর যত ঘর অবধি-ই দেখা হবে, কোন পৌনঃপুনিকতা (recurrence) দেখা যাবে না।

8) ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস হলো

1) আইসোটোন
✔ 2) আইসোটোপ
3) আইসোবার
4) রাসায়নিক পদার্থ

**ব্যাখ্যা :** ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস হল আইসোটোপ। যার পারমানবিক সংখ্যা একই কিন্তু ভর সংখ্যা ভিন্ন তাকে আইসোটোপ বলে। ক্যান্সার চিকিৎসায় সাধারণত কোবাল্ট ৬০ (60C0) আইসোটোপ ব্যবহার করা যায়।

Hello BCS

9) The word 'ambiguous is the synonym of

1) alien
2) dangerous
✔ 3) dubious
4) certain

ব্যাখ্যা : ambiguous=অনিশ্চিত dubious=সন্দেহজনক

10) ফ্রান্সের বর্তমান প্রেসিডেন্টের নাম কি?

✔ 1) ইমানুয়েল ম্যাখো
2) আটেলা মার্কেল
3) জাস্টিন ট্রুডো
4) ম্যালকম

ব্যাখ্যা : ফ্রান্সের বর্তমান প্রেসিডেন্টের নাম ইমানুয়েল ম্যাখো। উল্লেখ্য, বর্তমানে ফ্রান্সের প্রেসিডেন্টের মেয়াদ ৫ বছর (পূর্বে ছিল ৭ বছর)।

11) He gave me a dress which was expensive. (Simple)

1) He gave me a expensive dress.
2) He gave me a dress and it was expensive.
3) He gave me a dress expensive.
✔ 4) He gave me an expensive dress.

ব্যাখ্যা : Simple sentence এ একটি মাত্র finite verb থাকে এবং expensive এর পূর্বে article an বসে। সুতরাং সঠিক উত্তর - He gave me an expensive dress.

12) 5√5 এর 5 ভিত্তিক লগ কত?

✔ 1) 3/2
2) 2/3
3) √5
4) 5

ব্যাখ্যা : 5√5
$= 5.5^{1/2}$
$=5^{(1+1/2)}$
$=5^{(3/2)}$
so,5√5 এর 5 ভিত্তিক লগ 3/2

Hello BCS

13) ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালে জাতিসংঘের মহাসচিব কে ছিলেন?

1) বুট্রোস ঘালি
✔ 2) উ থান্ট
3) কফি আনান
4) দ্যাগ হ্যামারশোল্ড

**ব্যাখ্যা :** মহা থ্রায় সিথু উ থান্ট (জানুয়ারি ২২, ১৯০৯ – নভেম্বর ২৫, ১৯৭৪) ছিলেন বর্মী কূটনীতিবিদ এবং জাতিসংঘের তৃতীয় মহাসচিব। তিনি ১৯৬১ থেকে ১৯৭১ সাল পর্যন্ত মহাসচিবের দায়িত্ব পালন করেন।

14) তোমার বাবা কী করেন?

1) What does your father?
✔ 2) What is your father?
3) What your father does?
4) What is your father doing?

**ব্যাখ্যা :** What is your father? তোমার বাবা কি করেন? what is your father doing? তোমার বাবা কী করছে? অন্য দুটি ভুল। সঠিক উত্তর - what is your father?

15) নিচের কোনটিতে সাধুভাষা সাধারণত অনুপযোগী?

1) কবিতায়
2) ছোটগল্পে
✔ 3) নাটকে
4) গানে

**ব্যাখ্যা :** বাংলা লেখ্য সাধুরীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসারণ করে চলে এমন পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল। সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতায় অনুপযোগী।

16) দেশের প্রথম ইলেকট্রনিক বই কোনটি?

✔ 1) একুশ ই বুক
2) ডিজিটাল ই বুক
3) স্বাধীনতা ই বুক
4) বাংলাদেশ ই বুক

**ব্যাখ্যা :** ৩০ জানুয়ারি, ২০১৬ দেশের প্রথম ইলেক্ট্রনিক বই "একুশ-ই-বুক" এর মোড়ক উন্মোচন করা হয়।

17) How did you come by your lost watch? Here come by means----

1) quicken
✔ 2) get

Hello BCS

3) lose
4) mend

**ব্যাখ্যা :** Come by - পাওয়া, অনুরূপভাবে।
Get - পাওয়া।
Lose - হারানো।
Quicken - দ্রুত।
সঠিক উত্তর - get.

18) Alice went to market with a view to (to purchase) -- a dress.

✔ 1) purchasing
2) purchase
3) purchases
4) purchased

**ব্যাখ্যা :** with a view to থাকলে verb+ing হবে।

19) $(8x)^0 + 8x^0$ এর মান নিচের কোনটি?

✔ 1) 9
2) 8
3) 26
4) 2

**ব্যাখ্যা :** $(8x)^0 + 8x^0$
=1+8.1
=9

20) পেয়ারা কোন ভাষা থেকে আগত?

1) হিন্দি
2) গ্রিক
✔ 3) পর্তুগিজ
4) উর্দু

**ব্যাখ্যা :** 'পেয়ারা ' শব্দটি এভাবেই পর্তুগীজ ভাষা থেকে এসেছে। পর্তুগীজ ভাষা থেকে আগত এরুপ আরো কিছু শব্দ হলো আনারস ,আলপিন , আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি ,বালতি।

21) কোন উপজাতির ধর্ম ইসলাম

✔ 1) পাঙন
2) খিয়াং

Hello BCS

3) রাখাইন
4) মারমা

**ব্যাখ্যা :** বাংলাদেশে ৪৫ টি নৃ-গোষ্ঠী বসবাস করে। এর মধ্যে পাঙন উপজাতি ধর্মীয়ভাবে মুসলমান। পাঙন উপজাতিরা মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় বসবাস করে।

22) কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?

✔ 1) ক্রিয়া
2) বিশেষণ
3) বিশেষ্য
4) অব্যয়

**ব্যাখ্যা :** ক্রিয়া পদের সাথে সন্ধি হয় না। ক্রিয়ামূল বা ধাতুর সঙ্গে পুরুষ অনুযায়ী কালসূচক ক্রিয়াবিভক্তি যোগ করে ক্রিয়াপদ গঠন করা হয়। যেমন : 'পড়েছে' - পড় (ধাতু) + ছে (বিভক্তি)। বাংলা অব্যয় পদের সন্ধি হয়। যেমন : কিম্ + তু = কিন্তু, ইতি + আদি = ইত্যাদি।

23) What is the synonymous word of "augment"?

✔ 1) Increase
2) Calm
3) Segment
4) Beautify

**ব্যাখ্যা :** augment=বৃদ্ধি Increase=বৃদ্ধি

24) সে সাঁতরাতে জানে না।

1) He does not know to swimming.
2) He does not know swim.
✔ 3) He does not know how to swim.
4) He don't know swimming.

**ব্যাখ্যা :** know এর পর verb আসলে verb + ing বা to + verb ব্যবহার হয় না। সেক্ষেত্রে know + how to + verb নিয়মটি প্রযোজ্য হবে।

25) মৌলিক শব্দ কোনটি?

1) কান্না
2) শীতল
3) ঢাকাই
✔ 4) আকাশ

Hello BCS

**ব্যাখ্যা :** যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেসব শব্দকে মৌলিক শব্দ বলে। যেমন - গোলাপ, তিন, নাক, আকাশ,লাল, মা, পা ইত্যাদি।

26) চলতি মূল্যে বাংলাদেশের মাথাপিছু আয় - (অর্থনৈতিক সমীক্ষা-২০১৮ অনুযায়ী)

1) ১,৮২০ মার্কিন ডলার
2) ১,৭১৪ মার্কিন ডলার
✔ 3) ১,৭৫২ মার্কিন ডলার
4) ১,৬৭৭ মার্কিন ডলার

**ব্যাখ্যা :** চলতি মূল্যে বাংলাদেশের মাথাপিছু আয় - (অর্থনৈতিক সমীক্ষা-২০১৮ অনুযায়ী)-১,৭৫২ মার্কিন ডলার। মাথাপিছু জিডিপি- ১,৬৭৭ মার্কিন ডলার।

27) ক্রিকেট খেলার মাঠের পিচের দৈর্ঘ্য

✔ 1) ২২ গজ
2) ১১ গজ
3) ২১ গজ
4) ১৭ গজ

**ব্যাখ্যা :** পিচ ক্রিকেট খেলায়, মাঠের মাঝে দুই উইকেটের মাঝে ২২ গজ লম্ব এবং ১০ ফিট প্রস্থ শক্ত মাটি দিয়ে বানানো স্থান। এটি সমতল এবং স্বাভাবিকভাবে সামান্য ঘাস থাকে।

28) জ্যাঙ্ক ফুডে নিচের কোন দ্রব্যের আধিক্য থাকে?

1) আমিষ
✔ 2) চর্বি
3) ভিটামিন
4) শর্করা

**ব্যাখ্যা :** জাঙ্কফুড বলতে সেসব খাদ্যকে বুঝায় যারা উচ্চতর প্রাণিজ চর্বিযুক্ত। এসব খাদ্য খাবার উপযোগী করতে অধিক পরিমাণে ভোজ্য তেল ব্যবহার করা হয়।এর ফলে দেহে কোলেস্টেরল বেড়ে যায়।

29) ব্যাকরণের কোন অংশে কারক সম্বন্ধে আলোচনা করা

1) বাক্যতত্ত্বে
✔ 2) রূপতত্ত্বে
3) ধ্বনিতত্ত্বে
4) অর্থতত্ত্বে

Hello BCS

**ব্যাখ্যা :** রূপতত্ত্ব : এক বা একাধিক ধ্বনির অর্থবোধক সম্মিলনে শব্দ তৈরি হয়, শব্দের ক্ষুদ্রাংশকে বলা হয় রূপ / morpheme । রূপ গঠন করে শব্দ। সেই জন্য শব্দতত্ত্বকে রূপতত্ত্ব / Morphology বলা হয়। শব্দতত্ত্ব বা রূপতত্ত্বে আলোচিত হয় শব্দ ও পদের গঠন, ক্রিয়ার কাল, সংখ্যা, বচন, নির্দেশক, উপসর্গ, বিভক্তি, প্রকৃতি ও প্রত্যয়, ধাতু, প্রত্যয়, অনুসর্গ, চিহ্ন/লিঙ্গ, পক্ষ/পুরুষ, কারক, সমাস, দ্বিরুক্তি ইত্যাদি।

30) সমতট জনপদ কোথায় অবস্থিত?<

1) ঢাকা অঞ্চলে
2) রাজশাহী অঞ্চলে
✔ 3) কুমিল্লা অঞ্চলে
4) সিলেট অঞ্চলে

**ব্যাখ্যা :** সমতট বাংলার একটি প্রাচীন ভৌগোলিক অঞ্চল। পূর্ব ও দক্ষিণ - পূর্ব বাংলায় ব্রহ্মপুত্র নদীর মুখে বঙ্গ জনপদের প্রতিবেশী জনপদ হিসেবে ছিল সমতটের অবস্থান।

31) $4^{x+1} = 32$ হলে x এর মান কত?

1) 1
2) 1/2
3) 2/3
✔ 4) 3/2

**ব্যাখ্যা :** $2^{2(x+1)} = 2^5$
$2^{2x+2} = 2^5$
$>2x + 2 = 5$
$>2x = 3$
$>X = 3/2$

32) হাতে দুর্বা গজানো' বাগধারার অর্থ কী?

1) ছন্নছাড়া
2) অতিশয় দুর্বল
3) অলুক্ষণে
✔ 4) আলসেমির লক্ষণ

**ব্যাখ্যা :** হাড় হাভাতে - বাগধারার অর্থ হলো - লক্ষীছাড়া, কুলক্ষুণে বা অলুক্ষণে। তালপাতার সেপাই - বাগধারার অর্থ হলো - অতিশয় দুর্বল। সঠিক উত্তর - আলসেমির লক্ষণ।

33) বাংলাদেশ স্কোয়ার কোন দেশে অবস্থিত?

✔ 1) লাইবেরিয়াতে
2) নাইজেরিয়ায়

Hello BCS

3) ভারতে
4) ইরানে

**ব্যাখ্যা :** বাংলাদেশের প্রকৌশলীরা লাইবেরিয়ায় নির্মাণ, মেরামত এবং অবকাঠামোগত স্থাপনার ক্ষেত্রেও কাজ করে চলেছে। ২০০৮ সালে বাংলাদেশি শান্তিরক্ষীরা "বাংলাদেশ স্কয়ার" নামে একটি অবসর কাটানোর জন্য শিক্ষামূলক স্থাপনা নির্মাণ করেন।

34) নিচের কোনটি সৃষ্টি' এর প্রকৃতি ও প্রত্যয়?

1) স্ত্রী + ষ্টি
2) সৃশ + তি
✔ 3) সৃজ + তি
4) সৃ + টি

**ব্যাখ্যা :** বিশেষ্য ও বিশেষণ গঠনে "তি" প্রত্যয় হয়। যেমন - √ঘাট্ + তি = ঘাটতি, বাড্ + তি = বাড়তি, কাট্ + তি = কাটতি, উঠ্ + তি = উঠতি।

35) 'বিদ্যান মুখ অপেক্ষা শ্রেষ্ঠতর'– বাক্যটির শুদ্ধরূপ কোনটি

1) বিদ্যান মুখ অপেক্ষা শ্রেষ্ঠ
✔ 2) বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
3) বিদ্বান মুখ অপেক্ষা শ্রেষ্ঠ
4) বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর

**ব্যাখ্যা :** 'বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর' বাক্যটির শুদ্ধরুপ - বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।

36) Money is sweeter than honey. (Negative)

1) Nothing is as sweet as money and honey.
2) Money is not as sweet as honey.
✔ 3) Honey is not so sweet as money.
4) Honey is not sweeter than money.

**ব্যাখ্যা :** Than যুক্ত comparative বাক্যকে negative করতে subject + verb + not + so + adjective + as + sub হয়।

37) Orthita as well as Obhnibesh (to be)--- attending the party.

1) are
✔ 2) is
3) been
4) have been

Hello BCS

**ব্যাখ্যা :** As well as এর পূর্বের noun/pronoun বাক্যের subject হয়। সুতরাং subject "Orthita" singular হওয়ায় verb ও singular ( is) হয়।

38) লাফিং গ্যাসের সংকেত কোনটি?

1) $Cu_2O$
✔ 2) $N_2O$
3) $N_20_3$
4) $N_2O_5$

**ব্যাখ্যা :** লাফিং গ্যাস হলো নাইট্রোজেনের একটি অক্সাইড।এর সংকেত N2O ।এ গ্যাসটি আমাদের নাসারন্ধ্রে প্রবেশের পর আমাদের স্নায়ুতন্ত্রে এক ধরনের অনুভূতির সৃষ্টি করে যার কারণে হাসি পায়। এজন্য একে লাফিং গ্যাস বলে।

39) বিখ্যাত চিত্রকর্ম ‘তিন কন্যা’ এর চিত্রকর কে?

1) জয়নুল আবেদীন
✔ 2) কামরুল হাসান
3) রফিকুন্নবী
4) এসএম সুলতান

**ব্যাখ্যা :** বিখ্যাত 'তিন কন্যা' চিত্রকর্মের চিত্রশিল্পী হলেন কামরুল হাসান। জয়নুল আবেদিনের বিখ্যাত চিত্রকর্মগুলো হলো। ম্যাডোনা - ৪৩ , মনপুরা - ৭০ ,সংগ্রাম , মইটানা প্রভৃতি। 'শিশু স্বর্গ' চিত্রাঙ্গন প্রতিষ্ঠানের জন্য এস এম সুলতান মসধিক পরিচিত । অন্যদিকে রফিকুন্নবীকে বলা হয় বাংলাদেশের শ্রেষ্ঠ কার্টুনিস্ট

Hello BCS

40) দুইটি সংখ্যার গ.সা.গু 7 এবং ল.সা.গু 84। সংখ্যা দুইটির একটি 42 হলে অপরটি কত

1) 21
✔ 2) 14
3) 28
4) 7

**ব্যাখ্যা :** অপর সংখ্যা = দুটি সংখ্যার গ.সা.গু × ল.সা.গু/একটি সংখ্যা
= 7 × 84/42
= 14

41) সূর্য' এর প্রতিশব্দ কোনটি?

✔ 1) আদিত্য
2) বিধু
3) শশাঙ্ক
4) সুধাংশু

**ব্যাখ্যা :** সূর্য শব্দের সমার্থক শব্দ : আদিত্য, অর্ক, ভানু, তপন, দিবাকর, ভাস্কর, প্রভাকর, মার্ত, সবিতা, দিনেশ, রবি, অংশুমালী, আফতাব। [তথ্যসূত্র : প্রমিত বাংলা ব্যকরণ ও নির্মিতি,২য় খণ্ড]

42) নিচের কোন শব্দটির পুরুষবাচক শব্দ নেই?

1) বাদী
✔ 2) ডাইনী
3) দাত্রী
4) তাদৃশী

**ব্যাখ্যা :** নিত্য স্ত্রীবাচক শব্দ বলতে শুধু স্ত্রী বাচক শব্দ বোঝায়। নিত্য স্ত্রী বাচক শব্দের কখনো পুরুষ বাচক শব্দ হয়না। যেমন- সতীন, কুলটা, বিমাতা, পোয়াতী, সধবা, বিধবা, ডাইনি ইত্যাদি।

43) ঘনকের ধার a একক হলে ঘনকের সমগ্র তলের ক্ষেত্রফল কত?

1) $a^3$
✔ 2) $6a^2$
3) $\sqrt{(6a^2)}$
4) 6a

**ব্যাখ্যা :** ঘনকের ধার a একক হলে, ঘনকের সমগ্র তলের ক্ষেত্রফল = 6a2

44) চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি নিচের কোনটি?

1) ৭২০°
2) ২৭০°
3) ১৮০°
✔ 4) ৩৬০°

**ব্যাখ্যা :** চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি ৩৬০°.

45) Upoma came here late. Here "late" is --

✔ 1) adverb
2) verb
3) adjective
4) noun

**ব্যাখ্যা :** late শব্দটি verb "come" কে modify করছে। Adverb বাক্যের verb কে modify করে। সুতরাং late. একটি adverb.

Hello BCS

46) বৃত্তের কেন্দ্রের কোণ কত ডিগ্রির সমান?

✔ 1) ৩৬০°
2) ২৭০°
3) ০°
4) ১৮০°

**ব্যাখ্যা :** বৃত্তের কেন্দ্রের কোণ ৪ সমকোণ বা ৩৬০°।

47) n সংখ্যক বিজোড় সংখ্যার যোগফল কত?

1) $n^2 + 1$
2) $n^2 - 1$
3) $n^2 + 2$
✔ 4) $n^2$

**ব্যাখ্যা :** প্রথম n সংখ্যক বিজোড় স্বাভাবিক সংখ্যার সমষ্টি n 2

48) দেশে প্রথম ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা চালু হয় কোথায়?

1) সিলেট
2) বরিশাল
3) রংপুর
✔ 4) চট্টগ্রাম

**ব্যাখ্যা :** চট্টগ্রামে দেশের প্রথম ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা ও ওয়ান স্টপ সার্ভিস সেন্টার কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

Hello BCS

49) Where There is a will, there is ----.

1) a path
2) many ways
3) a well-wisher
✔ 4) a way

**ব্যাখ্যা :** Where There is a will, there is a way= ইচ্ছা থাকিলে উপায় হয়।

50) ‘তিলে তৈল হয়’- ‘তিলে’ কোন কারকে কোন বিভক্তি?

1) কর্মকারকে ৭মী
✔ 2) অপাদান কারকে ৭মী
3) অধিকরণ কারকে ৭মী
4) করণ কারকে ৭মী

**ব্যাখ্যা :** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয় তাকে অপাদান কারক বলে। যেমন - তিল থেকে তেল হয়।

51) I saw him going to market. (Compound)

1) I saw him to go to market
✔ 2) I saw him and he was going to market
3) I saw him who was going to market
4) I go to market which he was

**ব্যাখ্যা :** present participle যুক্ত sentence কে complex করতে বাক্যের finite verb যে tense এ থাকে present participle কে সেই tense এ পরিবর্তন করে verb এর পূর্বে subject দুটি বাক্যের মাঝে and বসাতে হয়।

52) $x > 0$ এবং $x^2 = 4x$ হলে x এর মান কোনটি?

1) ৩
2) ২
✔ 3) ৪
4) ০

**ব্যাখ্যা :** দেওয়া আছে,
$x>0$
এখন,
$x^2=4x$
or, $x^2 / x=4$
or, $x=4$

53) সংসদ অধিবেশন কে আহবান করেন?

1) বিরোধী দলীয় নেত্রী
2) প্রধানমন্ত্রী
✔ 3) রাষ্ট্রপতি
4) স্পীকার

**ব্যাখ্যা :** সংবিধানের ৭২(১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি সংসদের অধিবেশনে আহ্বান করেন। উক্ত ধারা অনুসারে বিজ্ঞপ্তি দিয়ে রাষ্ট্রপতি সংসদ স্থগিত ও ভাঙতে পারে।

54) A --- in time saves nine.

1) saving
2) penny
3) money

Hello BCS

✔ 4) stitch

ব্যাখ্যা : A stitch in time saves nine. ⇨ সময়ের এক ফোঁড়, অসময়ের দশ ফোঁড়।

55) নিচের কোন বানানটি শুদ্ধ?

1) বালীকী
2) বাল্মিকি
3) বালিকী
✔ 4) বাল্মীকি

ব্যাখ্যা : বাল্মীকি বানানটি শুদ্ধ।

56) a, b, c, d ক্রমিক সমানুপাতী হলে নিচের কোনটি সঠিক?

1) কোনটিই নয়
2) ac = bd
✔ 3) ad = bc
4) ab = cd

ব্যাখ্যা : a, b, c ও d ক্রমিক সমানুপাতিক
a/b = b/c = c/d
a / b = c/d
ad = bc

57) 'অন্তরঙ্গ'-এর বিপরীত শব্দ কী?

✔ 1) বহিরঙ্গ
2) শত্রুতা
3) সম্পর্কহীন
4) বৈরীভাব

ব্যাখ্যা : অন্তরঙ্গ এর বিপরীত শব্দ - বহিরঙ্গ। শত্রুতা এর বিপরীত শব্দ - মিত্রতা। সম্পর্কহীন এর বিপরীত শব্দ - সুসম্পর্ক।

58) A wearer knows where ---.

1) a man goes
2) the pain disturbs
3) he is right
✔ 4) the shoe pinches

ব্যাখ্যা : This means that it's hard to know how much someone else is suffering.

Hello BCS

59) 60 জন ছাত্রের মধ্যে 42 জন ফেল করলে পাসের হার কত?

1) 32%
2) 25%
✔ 3) 30%
4) 28%

**ব্যাখ্যা :** 60-42 = 18
60 জনের মধ্যে পাস করে 18 জন
1 জনের মধ্যে পাস করে 18/60 জন
∴ 100 জনের মধ্যে পাস করে (18 x 100)/60 জন
= 30 জন।

60) The antonym of the word "dishearten" is --

✔ 1) encourage
2) develop
3) discourage
4) ameliorate

**ব্যাখ্যা :** dishearten=হতাশ করা encourage = উৎসাহ দেওয়া

61) কোন সমকোণী ত্রিভুজের ভূমি x এবং উচ্চতা y হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত হবে?

1) $x^2 + y^2$ বর্গ একক
2) xy বর্গ একক
✔ 3) ½ xy বর্গ একক
4) ½ $(x^2 + y^2)$ বর্গ একক

**ব্যাখ্যা :** সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল = 1/2 × ভূমি × উচ্চতা
=( 1/2 × x × y) বর্গ একক
= 1/2xy বর্গএকক।

62) 'The fire is out'—বাক্যটির অনুবাদ কী?

1) বাইরে আগুন
2) আগুন নিভে গেছে
3) আগুন বাইরে
✔ 4) আগুন ছড়িয়ে পড়েছে

**ব্যাখ্যা :** 'The fire is out'—আগুন ছড়িয়ে পড়েছে।

Hello BCS

63) 'The children who play near the garden water the saplings. Here water is a --

1) adverb
2) noun
3) adjective
✔ 4) verb

**ব্যাখ্যা :** এখানে, water= গাছে পানি দেওয়া।

64) শুভক্ষণে জন্ম যার'—এক কথায় কী হবে?

✔ 1) ক্ষণজন্মা
2) জন্মাধীর
3) শুভজন্মা
4) শুভজন্মকাল

**ব্যাখ্যা :** শুভক্ষণে জন্ম যার - ক্ষণজন্মা। ক্ষণজন্মা শব্দের অর্থ - শুভ মুহূর্তে জাত,ভাগ্যবান ইত্যাদি।প্রদত্ত শব্দটি একটি বিশেষণ পদ।

65) বৃত্তের সমান সমান জ্যা কেন্দ্র হতে সর্বদা নিচের কোনটি?

1) সমান্তরাল
2) কোনটিই নয়
✔ 3) সমদূরবর্তী
4) অসমদূরবর্তী

**ব্যাখ্যা :** বৃত্তের সমান সমান জ্যা কেন্দ্র হতে সমদূরবর্তী।

66) The synonym of "abandon" is--

1) join
2) try
✔ 3) leave
4) keep with

**ব্যাখ্যা :** abandon=পরিত্যাগ করা
leave=ত্যাগ করা

67) To carry coal to ----.

1) Lahore
2) England

Hello BCS

✔ 3) Newcastle
4) Narayangonj

**ব্যাখ্যা :** To carry coal to newcastle-তেলা মাথায় তেল দেওয়া।

68) Log$_2$ 8 এর মান নিচের কোনটি?

1) 1
2) 2
✔ 3) 3
4) 4

**ব্যাখ্যা :** log2(8) = 3, কারণ 2^3 = 8.

69) একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য, প্রস্থের দেড়গুণ। এর ক্ষেত্রফল 294 বর্গ মিটার হলে, পরিসীমা কত?

✔ 1) 70 মিটার
2) 60 মিটার
3) 40 মিটার
4) 50 মিটার

**ব্যাখ্যা :** ধরি, প্রস্থ = × মিটার
দৈর্ঘ্য = 1.5 x মিটার
এখন,
x* 1.5x=294
or, x^2=294/1.5
or,x^2=196
or, x= 14
দৈর্ঘ্য = 1.5*14= 21 মিটার
পরিসীমা = 2 (দৈর্ঘ্য × প্রস্থ)
= 2 ( 21 + 14) = 70 মিটার

70) ৬ ১/৪ % হার সুদে কত সময়ে ৯৬ টাকার সুদ ১৮ টাকা হবে?

✔ 1) ৩ বছরে
2) ৪ বছরে
3) ২ ১/২ বছরে
4) ২ বছরে

Hello BCS

**ব্যাখ্যা :** আমরা জানি, I = Pnr
বা, ১৮ = ৯৬×n×২৫/৪×১০০
বা, n = ১৮/৬
বা, n = ৩

71) Rome was not built in a day. (Active)

1) People were not build Rome in a day
✔ 2) The Romans did not built Rome in a day
3) The Romans were not build Rome in a day
4) A day was not built by Rome

**ব্যাখ্যা :** past indefinite এর negative passive বাক্যকে active করতে sub + did not + verb1 + sub কে obj + extension structure টি অনুসরণ করতে হবে।

72) "ভিক্ষুকটা যে পেছনে লেগেই রয়েছে, কী বিপদ!'—এ বাক্যের 'কী' এর অর্থ কোনটি?

1) রাগ
2) ভয়
✔ 3) বিরক্তি
4) হুমকি

**ব্যাখ্যা :** এরুপ ক্ষেত্রে বাক্যের ভাব বুঝেই 'কী' এর অর্থ নিরুপণ করতে হবে। সে হিসেবে এর অর্থ 'ভয়' 'রাগ বা 'বিপদ' নয়, অবশ্যই 'বিরক্ত'।

73) বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার কে?

1) কাজী খসরু
2) কামরুল হাসান
✔ 3) এএনএ সাহা
4) স্বপন কুমার

**ব্যাখ্যা :** বাং লাদেশের জাতীয় প্রতীক : দুই পাশে দুটি ধানের শীষের মাঝখানে ভাসমান শাপলা তার উপর ৩ টি পরস্পর সংযুক্ত পাট পত্রক তার ২ পাশে ২ টি করে তারকা ডিজাইনার - কামরুল হাসান।
বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রাম : লাল বৃত্তের মাঝখানে হলুদ রংঙের মানচিত্র। বৃত্তের উপরে লেখা 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ', নিচে লেখা 'সরকার' এবং বৃত্তের ২ পাশে ২ টি করে মোট ৪ টি তারকা। ডিজাইনার - এ এন এ সাহা।

74) 'শকুনি মামা' এর অর্থ কি?

1) সৎ মামা
2) পাতানো মাম

✔ 3) কুচক্রী মামা
4) কুৎসিৎ মামা

**ব্যাখ্যা :** শকুনি মামা যার অর্থ কুটবুদ্ধিসম্পন্ন ব্যক্তি। কিন্তু শকুনি মামার বাগধারায় এর অর্থ কুটবুদ্ধিসম্পন্ন ব্যক্তি দেয়ার নিশ্চয় একটি কারণ রয়েছে। কেননা সনাতন ধর্মের অন্যতম শাস্ত্র মহাভারতে এ শকুনি মামার কুটবুদ্ধিতার কারনে পুরো মহাভারত এতটা সম্প্রসারিত রূপ ধারণ করে।

75) চিকনগুনিয়ার বাহক কোনটি?

1) এ্যানোফিলিস
2) সকল ধরনের মশা
3) কিউলেক্স
✔ 4) এডিস

**ব্যাখ্যা :** চিকনগুনিয়ার ভাইরাসটি মশার কামড়ের মাধ্যমে মানব শরীরে প্রবেশ করে। এডিস গণের দুটি প্রজাতি এডিস ইজিপ্টি ও এডিস এলবোপিকটাস এই ভাইরাসের বাহক হিসেবে পরিচিত। তারা মূলত দিনের আলোতে কাঁমড় দিয়ে থাকে। মানুষ ছাড়াও কয়েকটি প্রাণি বানর, পাখি, তীক্ষ্ণ দন্ত প্রাণী যেমন ইঁদুরে এই ভাইরাসের জীবনচক্র বিদ্যমান।

76) ভারত বাংলাদেশের মধ্যে অভিন্ন নদী কতটি?

1) ৫৫টি
2) ৫৬টি
✔ 3) ৫৪টি
4) ৫৩টি

**ব্যাখ্যা :** বাংলাদেশ এবং ভারতের ওপর দিয়ে প্রবাহিত আন্তঃসীমান্ত নদী বা অভিন্ন নদীর সংখ্যা ৫৪টি।

77) WIPO এর সদর দপ্তর কোথায় ?

1) ব্রাসেলস
2) লন্ডন
✔ 3) জেনেভা
4) প্যারিস

**ব্যাখ্যা :** The World Intellectual Property Organization - WIPO WIPO currently has 191 member states, administers 26 international treaties, and is headquartered in Geneva, Switzerland. The current Director-General of WIPO is Francis Gurry.

78) A man is known by the ---- he keeps.

1) words

Hello BCS

✔ 2) company
3) contribution
4) relatives

**ব্যাখ্যা :** A man is known by the company he keeps - ইংরেজি প্রবাদটির বাংলা অর্থ - সঙ্গ দেখে লোক চেনা যায়। সঠিক উত্তর - Company.

79) সাধুরীতিতে কোন পদটি দীর্ঘরূপ হয় না?

✔ 1) অব্যয়
2) বিশেষ্য
3) ক্রিয়া
4) সর্বনাম

**ব্যাখ্যা :** সাধুরীতিতে সর্বনাম ও ক্রিয়ার পূর্ণ ও দীর্ঘরূপ ব্যবহৃত হয় এবং সাধু রীতিতে অব্যয় পদটির দীর্ঘরুপ হয় না।

80) দুটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 3 :2। বৃত্ত দুটির ক্ষেত্রফলের অনুপাত নিচের কোনটি

1) 3:4
✔ 2) 9:4
3) 2:3
4) 4:9

**ব্যাখ্যা :** মনে করি, বৃত্তদ্বয়ের ব্যাসার্ধ $r_1$ এবং $r_2$
$\therefore r_1/r_2 = 3/2$
$=> r_1^2/r_2^2 = 9/4$ [বর্গ করে]
$=> \pi r_1^2/\pi r_2^2 = 9/4$ [বৃত্তের ক্ষেত্রফল]
$=> \pi r_1^2:\pi r_2^2 = 9:4$

81) ২০১৮ সালে এশিয়ান গেমস কোথায় অনুষ্ঠিত হবে?

1) নয়াদিল্লী, ভারত
2) তেহরান, ইরান
✔ 3) জাকার্তা, ইন্দোনেশিয়া
4) বেইজিং, চীন

**ব্যাখ্যা :** ২০১৮ এশিয়ান গেমস এশিয়ার আঞ্চলিক বহু-ক্রীড়া প্রতিযোগিতা এশিয়ান গেমসের ১৮তম আসর যা এশিয়ান গেমস ২০১৮, অফিসিয়ালিভাবে অষ্টাদশ এশিয়াড, এছাড়াও জাকার্তা-পালেমর্ব ২০১৮ নামেও পরিচিত এবং যা ২০১৮ সালের ১৮ আগস্ট থেকে ২ সেপ্টেম্বর পর্যন্ত ইন্দোনেশিয়ার দুটি প্রধান শহর জাকার্তা ও পালেম্বংয়ে অনুষ্ঠিত হয়।

Hello BCS

82) নীলাম্বর কোন সমাস?

1) দ্বন্দ্ব
2) অব্যয়ীভাব
3) তৎপুরুষ
✔ 4) কর্মধারয়

**ব্যাখ্যা :** যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের যে সমাস হয় ,এবং যে সমাসে পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয় তাকে কর্মধারয় সমাস বলে । এ সমাসের ব্যাস বাক্যে যে ,সে,যিনি ,তিনি ব্যবহৃত হয়। যেমন-সিংহ চিহ্নিত আসন=সিংহাসন , কাঁচা অথচ মিঠা= কাঁচামিঠা,মহতী যে কীর্তি=মহাকীর্তি ,মহান যে নবী=মহানবী ইত্যাদি।

83) ‘উপকারীর অপকার করে যে’ নিচের কোনটি শুদ্ধ?

1) কৃতঘ্ন
2) বেঈমান
3) কৃতজ্ঞ
✔ 4) কৃতঘ্ন

**ব্যাখ্যা :** উপাকারীর উপকার স্বীকার করে যে - কৃতজ্ঞ।
ঈমান নেই যার - বেঈমান।
উপকারীর অপকার করে যে - কৃতঘ্ন।

84) 'বক্তব্য' এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?

✔ 1) √বচ্ + তব্য
2) √বক + তব্য
3) √বক্ত + অব্য
4) √বক্ত + ব্য

**ব্যাখ্যা :** কর্ম ও ভাববাচ্যের ধাতুর ধাতুর পরে তব্য প্রত্যয় যুক্ত হয়।যেমন : বচ্ + তব্য = বক্তব্য।

85) $(a^{-1})^{-1}$ এর মান নিচের কোনটি?

1) $1/a^{2}$
✔ 2) a
3) 1/a
4) $a^{2}$

**ব্যাখ্যা :** (a -1 ) -1 এর মান = (1/a)-1 =a

Hello BCS

86) a+b, $a^2 - b^2$ এবং $a^3 + b^3$ এর গ.সা.গু কত?

1) $a^2 - b^2$
✔ 2) a+b
3) $(a+b)^2$
4) a – b

**ব্যাখ্যা :** সূত্র প্রয়োগ করে,
$a^2 - b^2$
= (a+b) (a-b)
and,
$a^3 + b^3$
$=(a+b)^3-3ab(a+b)$

87) যশোর জেলায় অবস্থিত বিল?

1) হাইল
✔ 2) ভবদহ
3) আড়িয়াল
4) পাথর চাওলি

**ব্যাখ্যা :** যশোরের দুঃখ বা মরণফাঁদ হিসেবে পরিচিত ভবদহ বিল। যশোরের মণিরামপুর ,কেশবপুর ও অভয়নগর উপজেলা নিয়ে ভবদেহ এলাকা গঠিত । মৌলভীবাজার জেলাধীন সদর উপজেলার কিয়দংশ এবং শ্রীমঙ্গল উপজেলার বৃহাদাংশ নিয়ে বিস্তৃত হাইল হাওর , যা মৎস্য ও প্রাকৃতির সম্পদের অফুরন্ত ভাণ্ডার হিসেবে সুপরিচিত । আড়িয়াল বিল মুন্সিগঞ্জ জেলার শ্রীনগরে অবস্থিত।

88) What is the noun form of include?

✔ 1) Inclution
2) Includeness
3) Inclusion
4) Includement

**ব্যাখ্যা :** ' Inclusion' is the noun form of Include.

89) I helped her solve the problem. (Passive)

1) She was helped solve the problem
2) The problem was solved by my
✔ 3) She was helped to solve the problem by my
4) Her problem was solved by me

**ব্যাখ্যা :** Bare infinitive যুক্ত sentence কে passive করতে obj.কে sub + was + verb3 + to + verb + obj + by + sub এর objective form হয়।

90) a : b = 4 : 7 এবং b : c = 5:6 হলে a : b : c এর মান কোনটি?

1) 5 : 6 : 7
✔ 2) 20 : 35 : 42
3) 20 : 30 : 37
4) 4 : 7 : 5

**ব্যাখ্যা :** a:b=4:7= 20:35
b:c=5:6=35:42
a:b:c= 20:35:42

91) 250 এর 10% এর মান কত?

1) 50
2) 75
3) 100
✔ 4) 25

**ব্যাখ্যা :** 250 এর 10% এর মান=250*(10/100) =25

92) বর্ণালী' এবং 'শুভ্র' কী ?

✔ 1) উন্নত জাতের ভূট্টা
2) উন্নত জাতের গম
3) উন্নত জাতের আম
4) উন্নত জাতের চাল

**ব্যাখ্যা :** বর্ণালী" এবং "শুভ্র" উন্নত জাতের ভূট্টা। ভূট্টার অন্যান্য উন্নত জাত মোহর, সোয়ানি-২, খই ভূট্টা, বারি ভূট্টা।

93) SinΘ=4/5 হলে, Sec Θ এর মান কোনটি ?

1) 3/5
2) 5/4
3) 4/9
✔ 4) 5/3

**ব্যাখ্যা :** দেওয়া আছে,
SinΘ=4/5
জানা মতে,

Hello BCS

$Sin^2\theta+Cos^2\theta=1$
or, $Cos\theta=\sqrt{(1-Sin^2\theta)}$
or, $Cos\ \theta=\sqrt{(1-16/25)}$
or, $Cos\ \theta=\sqrt{(9/25)}$
or, $Cos\ \theta=3/5$
Now,
$Cos\ \theta=1/Sec\theta$
or, $Sec\theta=1/Cos\ \theta$
or, $Sec\theta=5/3$

94) পানামা খাল কোন মহাসাগরকে যুক্ত করে?

1) আটলান্টিক ও ভারত মহাসাগর
2) আটলান্টিক ও দক্ষিণ মহাসাগর
3) ভারত ও প্রশান্ত মহাসাগর
✔ 4) প্রশান্ত মহাসাগর ও আটলান্টিক মহাসাগর

**ব্যাখ্যা :** পানামা খাল জাহাজ চলাচলের জন্য পানামা প্রজাতন্ত্রের ইস্থমাসে নির্মীত একটি খাল যা আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে।

95) নিচের কোনটি শুদ্ধ?

✔ 1) ষ্ণ = ষ + ণ
2) ষ্ণ = ষ + ঙ
3) ষ্ণ = ষ + ঞ
4) ষ্ণ = ষ + ন

**ব্যাখ্যা :** যুক্ত বর্ণঃ ষ্ণ = ষ + ণ

96) স্ক্যানার কি ধরনের ডিভাইস?

1) মেমোরি
2) প্রসেসিং
3) আউটপুট
✔ 4) ইনপুট

**ব্যাখ্যা :** স্ক্যানার একটি ইনপুট ডিভাইস। কোনো টেক্সট ডকুমেন্ট বা ছবিকে এর সাহায্যে কম্পিউটারে নেয়া যায়। এর পর ইচ্ছে মত সম্পাদনা করে নতুন ডকু - ফিকশন তৈরি করা যায়।

97) 'সংশয়'-এর বিপরীত শব্দ কোনটি?

✔ 1) প্রত্যয়
2) নির্ভয়

Hello BCS

3) বিস্ময়
4) দ্বিধা

**ব্যাখ্যা :** কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ :
*সিক্ত = = শুষ্ক
*ষন্ড = = গাভী
*সুখ্যাতি = = অখ্যাতি
*সৃষ্টি = = = ধবংস
*স্থির = = চঞ্চল
*স্থলভাগ = = জলভাগ
*স্তুতি = = নিন্দা
*সৌখিন = = = পেশাদার
*সুশ্রী = = কুশ্রী
*সুর = = অসুর
*সরকারি = = বেসরকারি
*সুদর্শন = = কুদর্শন
*সাহসিকতা = = ভীরুতা
*সার্থক = = নির্থক
*সার = = অসার
*সাদৃশ = = বৈসাদৃশ
*সমতল = = অসমতল
*সরু = = মোটা
*সদর = = অন্দর
*সতী = = অসতী
*সংশ্লেষণ = = বিশ্লেষণ
*সংশ্লিষ্ট = = বিশ্লিষ্ট
*সতর্ক = = অসতর্ক
সঞ্চয় = = অপচয়
সজীব = = নির্জীব
সচ্চরিত্র = = দুশ্চরিত্র
*হ্রাস = = বৃদ্ধি
*হুঁস = = বেহুঁস
*হক = বেহক
*হাজির = = গরহাজির
*হিসেবী = = বেহিসেবী
*হালকা = = ভারী
*আলস্য = = শ্রম

Hello BCS

98) বাংলার 'ছিয়াত্তরের মনন্তর' এর সময় কালঃ

✔ 1) ১৭৭০ খ্রীস্টাব্দ
2) ১৭৬০ খ্রীস্টাব্দ
3) ১৭৬৫ খ্রীস্টাব্দ
4) ১৭৫৬ খ্রীস্টাব্দ

**ব্যাখ্যা :** ১৭৭০ খ্রীস্টাব্দে (১১৭৬ বাংলা) লর্ড ক্লাইভ দ্বৈত শাসন আমলে ভয়াবহ দুর্ভিক্ষ দেখা যায়। যা ইতিহাসে ছিয়াত্তরের মনন্তর নামে পরিচিত। দুর্ভিক্ষে বাংলার এক-তৃতীয়াংশ লোক মারা যায়।

99) কোনটি শুদ্ধ বানান?

1) মুহুর্ত
2) মুহর্তু
✔ 3) মুহূর্ত
4) মুহুত

**ব্যাখ্যা :** মুহূর্ত বানানটি সঠিক।

100) তুমি কি জানো সে কোথায় থাকে?

1) Do you know where does he live?
2) Do you know where he is live?
✔ 3) Do you know where he lives?
4) Do you know where he live?

**ব্যাখ্যা :** তুমি কি জানো সে কোথায় থাকে? এর সঠিক ইংরেজি হলো - Do you know where he lives? Embedded question এর ক্ষেত্রে where + sub + verb ব্যবহৃত হয়।

---



Hello BCS